

# অবসরের ক্ষেত্রে সরকারি চাকরি আইন জাতীয় বিশ্ববিদ্যালয়েও বলবৎ

নিজস্ব  
প্রতিবেদক,  
গাজীপুর

১৫ ডিসেম্বর,  
২০২৪ ১৯:১৬

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এ এস এম আমানুল্লাহ বলেছেন, ‘২৫ বছর চাকুরিপূর্তিতে ঐচ্ছিক অবসর গ্রহণ ও অবসর প্রদানের ক্ষেত্রে সরকারি চাকরি আইন ২০১৮ (২০১৮ সনের ৫৭নং আইন) এর ৪৪ ধারা ও

৪৫ ধারাসমূহ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রেও বলবৎ হবে। সিডিকেটের ২৬৩তম সভায় গত নভেম্বর ০৩, ২০২৪ এ বিধানাবলী সংক্রান্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

রবিবার (১৫ ডিসেম্বর) বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের সিনেট হলে সিনেট অধিবেশনে চেয়ারম্যানের অভিভাষণে তিনি একথা বলেন।

### আরো পড়ুন



দাবি না মানলে ১ জানুয়ারি থেকে ডিম-মুরগি উৎপাদন বন্ধের ঘোষণা

সভাপতির ভাষনে উপাচার্য আরো বলেন, বিশ্ববিদ্যালয়ের সমস্যাগুলো চিহ্নিত করে সেগুলোর সমাধান ও সঠিক উন্নয়নের জন্য কর্মপরিকল্পনা ও কর্মসূচী হাতে নেওয়া হয়েছে।

অধিভুক্ত কলেজসমূহের শিক্ষা কার্যক্রমে যুগান্তকারী পরিবর্তন আনতে হবে। ওই লক্ষ্যে কারিকুলাম যুগোপযোগীকরণ ও সংস্কারের কাজ হাতে ওয়া হয়েছে। কলেজগুলোতে শিক্ষকের ঘাটতি রয়েছে। এ ঘাটতি পূরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

বিশেষ ওই সিনেট অধিবেশনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর-১ প্রফেসর মো. লুৎফর রহমান, প্রো-ভাইস চ্যান্সেলর-২ প্রফেসর ড. মো. নূরুল ইসলাম, ট্রেজারার প্রফেসর ড. এ টি এম জাফরুল আযম এবং সিনেট সচিব ও বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোল্লা মাহফুজ আল-হোসেন বক্তব্য রাখেন। ছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব ও অতিরিক্ত সচিব, বিভাগীয় কমিশনারবৃন্দ, বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, বিভিন্ন কলেজের অধ্যক্ষ ও শিক্ষাবিদসহ ৬৯ জন সিনেট সদস্য এবং সিন্ডিকেট থেকে আমন্ত্রিত অতিথি সিনেট অধিবেশনে অংশগ্রহণ করেন।